

১৫৩

দেশি খবর

পাত্র 21 NOV 1993

নং ৪ ফলো ০০৭

**বিজিএস-এর সেমিনারে  
সকল শিক্ষা প্রতিষ্ঠানে  
ভূগোল চালু করার  
আহবান**

বাসস জানায়ঃ বাংলাদেশ ভূগোল সমিতি (বিজিএস) সকল সরকারী ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ভূগোল চালু করার জন্যে কর্তৃপক্ষের প্রতি আহবান জনিয়েছে। গত শুক্রবার বিজিএস-এর উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগে আয়োজিত 'স্কুল' ও কলেজ পর্যায়ে ভূগোল পাঠ' শীর্ষক এক সেমিনারে এই দাবী উত্থাপন করা হয়।

সেমিনারে সভাপতিত্ব করেন বিজিএস-এর সভাপতি অধ্যাপক নূরুল ইসলাম। বদরুজ্জেমা সরকারী কলেজের ভূগোল বিভাগের চেয়ারম্যান কাজী শুগান নাহার মূল প্রবন্ধ উপস্থাপন করেন। দেশের বিশিষ্ট ভূগোলবিদ অধ্যাপক এস আমিনুল হক, অধ্যাপক মেসবাহ উস-সালেহীন, অধ্যাপক ডঃ মোহাম্মদ শাহজাহান তপন ও ডঃ আবদুল আউয়াল আলোচনায় অংশ নেন। দেশে শিক্ষার বিভিন্ন পর্যায়ে ভূগোল অধ্যয়নের ক্ষেত্রে নানা রকম প্রতিবন্ধকতার কথা উল্লেখ করে বঙ্গোয়া মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ভূগোলের বিস্তৃত সিলেবাস অন্তর্ভুক্তি, প্রশিক্ষণপ্রাঙ্গ আরো ভূগোল শিক্ষক নিয়োগ, বিভিন্ন শিক্ষামূলক সহায়তা প্রদান এবং ভূগোল অধ্যয়ন সম্প্রসারণে বাংলায় ভূগোল বিষয়ে আরো বই প্রকাশের সুপারিশ করেন।